

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বানিজ্যিক, এলাকা, ঢাকা।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং- ৫১.০১.০০০০.০২২.১৬.০২৪.১৮-৩৩

তারিখ : -০৪ -০৯-২০১৯খ্রি।


বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০২২.১৬.০৩১.১৬-২১; তাং ২৯-০৬-২০১৯ খ্রি।  
২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০২২.০৫.০৪৩.১৮-২৯; তাং ১৮-০৮-২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন পরিপত্রের নির্দেশনা মোতাবেক ১৫ জুলাই, ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে সূত্রোক্ত ২টি পত্রের মাধ্যমে অনুরোধ করা সত্ত্বেও উল্লিখিত সময়ের মধ্যে চাহিত প্রতিবেদন পাওয়া যায়নি। ফলশ্রুতিতে, তথ্য সংকলন ও সমন্বিত বার্ষিক প্রতিবেদন তৈরি করা সম্ভব হচ্ছেনা।

২। এমতাবস্থায়, তাঁর জেলাধীন সকল উপজেলায় ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন অত্র অধিদপ্তরের মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগে আগামী ১৬-০৯-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে জরুরি ভিত্তিতে প্রেরণ নিশ্চিত করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি।



(মোহাম্মদ আনিছুর রহমান)

পরিচালক(মুওপ)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৯৮৬০৫২৩

জেলা প্রশাসক

.....।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার.....(সকল)।
- ৩। পরিচালক (কাবিখা/প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা..... (সকল)।
- ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা..... (সকল)।
- ৮। অফিস কপি।